

21 AUG 1983

94

ডাকসুর ২৮-দফা দাবী পূরণের আহ্বান

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ডাকসুর যোষিত সন্ত্রাস বিরোধী
পক্ষের শেষ দিনে গতকাল (শনি-
বার) অপরাজেয় বাংলার পাদদেশে
এক ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়।
সমাবেশে ৯ই সেপ্টেম্বরের মধ্যে
(২য় পৃ: ৩:)

ডাকসুর ২৮-দফা

(১ম পৃ: পর)

ছাত্রী মিছিলে হামলার বিচারসহ
ডাকসুর ২৮ দফা দাবী মানিয়া
নেওয়ার আহ্বান জানাইয়া বলা
হইয়াছে অন্যথায় কর্তৃপক্ষকে
পদত্যাগ করিতে হইবে।

ডাকসুর সাধারণ সম্পাদক
মুশতাক হোসেন সমাবেশে বক্তৃতা
করেন। ডাকসুর সাবেক নেতা
আবদুল কুদ্দুস মাখন, মোজাহিদুল
ইসলাম সেলিম, মাহমুদুর রহমান
মাম্মাসহ বিভিন্ন সংগঠনের প্রাক্তন
নেতৃবৃন্দ সমাবেশে উপস্থিত ছিলেন।

সমাবেশে ডাকসুর নির্বাচনো-
ত্তর বিভিন্ন সন্ত্রাসী ঘটনার উল্লেখ
করিয়া বলা হয়, অস্ত্র এবং শিক্ষা
এক সাথে চলিতে পারে না। ইতি-
পূর্বেকার মত বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস
সৃষ্টি করিয়া ছাত্র-ছাত্রীদেরকে হন
ত্যাগের নির্দেশ দেওয়া হইলে তাহা
মানা হইবে না বুলিয়া সমাবেশে
উল্লেখ করা হয়। সমাবেশে অবিলম্বে
জাদুঘর ভবন ও কাঁটাবন মসজিদ
বিশ্ববিদ্যালয়ের আওতায় আনা
ও টি, এস, সি মিলনায়তনের
সংস্কার দাবী করা হয়। সমাবেশ
শেষে ডাকসুর উদ্যোগে সাধারণ
ছাত্র-ছাত্রীদের একটি র্যালী কলা-
ভবন হইতে শুরু হয়, জাতীয়
প্রেসক্লাবের সামনে শেষ হয়।

প্রাক্তন ত্রি নেতৃবৃন্দের

সহিত বৈঠক

সমাবেশের পূর্বে ডাকসুর কর্ম-
কর্তাবৃন্দ সাবেক ছাত্র নেতৃবৃন্দের
সহিত এক বৈঠকে মিলিত হয়।
বৈঠকে সরকার বিরোধী আন্দো-
লন জোরদার করার জন্য সকল
গণতান্ত্রিক শক্তিকে আহ্বান
জানানো হয়। আবদুল কুদ্দুস
মাখন, মাহমুদুর রহমান মাম্মা,
শরীফ নুরুল আশ্বিয়া, বাহালুল

মজনুন চন্দ্র, মুনীর উদ্দিন আহমেদ,
শিরিন আখতার, আবদুল মাম্মান,
মোস্তফা জালাল মাহিউদ্দিন প্রমুখ
উপস্থিত ছিলেন।